‘কৃষিই সমৃদ্ধি’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং--১২.০১.০০০০.০৪০.৩৬.০০৭.১৯.৮৫৭৬ তারিখ ঃ ১১/০৮/২০২৫

**বিষয়ঃ বারি মাল্টা-১ এর ‘সঠিক হারভেস্টিং টাইম’ সম্পর্কে কৃষক সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে কোন কোন এলাকায় বারি মাল্টা-১ এর আর্লি হার্ভেস্টিং হওয়ার কারণে ফল আপরিপক্ক রয়ে যাচ্ছে, পর্যাপ্ত রসালো হচ্ছে না এবং পানসে টক স্বাদযুক্ত হচ্ছে। ফলে ভোক্তাদের মধ্যে একটি নেতিবাচক মনোভাব তৈরি হচ্ছে । **বারি মাল্টা-১ এর সঠিক পরিপক্কতাকাল হলো সেপ্টেম্বরের মাঝামাঝি হতে অক্টোবরের শেষ পর্যন্ত**।তাছাড়া মাটিতে পর্যাপ্ত রস থাকলে নভেম্বর পর্যন্ত হার্ভেস্টিং করা যায়।

**বারি মাল্টা-১ সঠিকভাবে পরিপক্ক হলে নিম্নলিখিত লক্ষণ সমূহ পরিলক্ষিত হয়;**

১। ফল আকারে বড় হয়
২। ফলের বোটার দিকের কোচকানো ভাবটা কমে গিয়ে প্রায় মসৃণ হয়ে যাবে;
৩। ফলের নিচের দিকের পয়সা আকৃতির চিহ্নটি স্পষ্ট হতে কিছুটা অস্পষ্ট হয়ে যাবে;
৪। ফলের রং গাঢ় সবুজ হতে হালকা সবুজ রং ধারণ করবে।

বারি মাল্টা-১ এর আর্লি হার্ভেস্টিং হলে দেশে উৎপাদিত মাল্টা সর্ম্পকে ভোক্তাদের নিকট নেতিবাচক ধারণা পৌঁছাবে, কৃষক আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হবে এবং বিদেশি মাল্টার আমদানি আরো বাড়বে। তাই সঠিক সময়ে মাল্টা হার্ভেস্ট করা হলে মাল্টার গুনগত মান বাড়বে, কৃষকগন আর্থিকভাবে লাভবান হবেন এবং মাল্টার আমদানি ব্যয় হ্রাস পাবে।

এমতাবস্থায়, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে মাল্টা চাষীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বারি মাল্টা-১ এর সঠিক হারভেস্টিং টাইম ও পরিপক্কতা নিদর্শন প্রচার করতে হবে। মাঠ পর্যায়ের উপসহকারী কৃষি কর্মকর্তাদের তাদের ব্লকের সকল মাল্টা চাষীদের সঠিক সময়ে মাল্টা হারভেস্ট করার পরামর্শ প্রদানের নির্দেশনা প্রদান করা হলো।

সংযুক্ত: বারি মাল্টা-১ এর ‘সঠিক হারভেস্টিং টাইম’ সম্পর্কিত লিফলেট এর সফট কপি।

১১/৮/২৫

মোঃ ওবায়দুর রহমান মন্ডল
পরিচালক
সরেজমিন উইং

১। উপপরিচালক (সকল),কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ....................জেলা।
২। উপজেলা কৃষি অফিসার (সকল)............উপজেলা.............জেলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রদান করা হলো:

১। পরিচালক ,হর্টিকালচার উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫
২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................অঞ্চল।
৪। উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
পত্রটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো

# বারি মাল্টা-১ এর সঠিক হারভেস্টিং সময়

## বারি মাল্টা-১ এর সঠিক পরিপক্কতাকাল সেপ্টেম্বরের মাঝামাঝি হতে অক্টোবরের শেষ পর্যন্ত

### বারি মাল্টা-১ এর সঠিকভাবে পরিপক্কতার বৈশিষ্ট্য

- ফল আকারে বড় হয়;
- ফলের বোটার দিকের কোচকানো ভাবটা কমে গিয়ে প্রায় মসৃণ হয়ে যাবে;
- ফলের নিচের দিকের পয়সা আকৃতির চিহ্নটি স্পষ্ট হতে কিছুটা অস্পষ্ট হয়ে যাবে;
- ফলের রং গাঢ় সবুজ হতে হালকা সবুজ রং ধারণ করবে।



### বারি মাল্টা-১ এর আগাম হারভেস্টিং এর কারণে

- ফল অপরিপক্ক থাকে;
- ফল পর্যাপ্ত রসালো হয় না, সেই সাথে কিছুটা পানসে টক স্বাদযুক্ত হয়।

**তাই সঠিক সময়ে হারভেস্ট করুন।**



লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্প (১ম সংশোধিত)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর